[redacted]

[redacted] SDDB [redacted]

[redacted]

[redacted]

[redacted]

তেঁতুলবাড়ীয়া ইউনিয়নে প্রবীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় হুইল চেয়ার প্রদান হয়েছে।

আজ বুধবার (১৪ ফেব্রুয়ারি) তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের মোট ৫ জন শ্রেষ্ঠ প্রবীণ এবং ৫ জন শ্রেষ্ঠ সন্তানকে সম্মাননা প্রদান করা হয় এছাড়াও ২ জন অসহায় পঙ্গু ব্যাক্তিকে হুইল চেয়ার প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সভাপতি মোঃ রমজান আলী, ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি মোঃ আব্দুল লতিব, তেঁতুলবাড়িয়া ইউনিয়নের চেয়ারম্যান মোঃ নাজমুল হুদা বিশ্বাস, ইউনিয়ন সমাজকর্মী মোঃ সাদ্দাম হোসেন ও এসডিও সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারি মোঃ জামিদুল ইসলাম প্রমুখ।

চুয়াডাঙ্গায় প্রতিবন্ধী দিবস উপলক্ষে আলোচনা সভা ও হুইল চেয়ার বিতরণ

প্রতিবন্ধী ব্যক্তিদের সাথে সম্মিলিত অংশগ্রহণ, নিশ্চিত করবে এসডিজি অর্জন প্রতিপাদ্য চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস উপলক্ষে আলোচনা সভা ও হুইল চেয়ার বিতরণ করা হয়েছে।

আজ রবিবার সকাল এগারোটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে সম্মেলন কক্ষে জেলা প্রশাসন জেলা সমাজসেবা কার্যালয় প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের আয়োজনে দিবসটি যথাযোগ্য মর্যাদায় সাথে পালিত হয়।

আলোচনা সভায় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন



প্রতিবন্ধীদের অবহেলা নয় ভালোবাসতে হবে- এমপি টগর

দর্শনায় প্রতিবন্ধিদের মধ্যে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার বিকালে দর্শনা কলেজ মাঠের এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্তিত থেকে প্রতিবন্ধিদের মধ্যে হুইল চেয়ার বিতরণকালে চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য, জনন্দদিত জননেতা হাজি আলী আজগার টগর বলেন, আ.লীগ সরকারের শাসনামলে দেশ বিধবা, প্রতিবন্ধি, মাতৃকালীন, বয়স্ক ভাতাসহ বিভিন্ন সুবিধার ব্যবস্থা করেছে। প্রতিবন্ধিরা এক সময় পরিবারের বোঝা মনে করা হলেও এখন তা নয়। কারণ অনেক প্রতিবন্ধি সরকারের সহযোগীতায় স্বাবলম্বি হয়েছে। তাছাড়া সরকার তাদের নিয়মিত ভাতা ব্যবস্থা চালু করেছে। সেক্ষত্রে প্রতিবন্ধিদের অবহেলা না করে ভালবাসতে হবে।

একটি বেসরকারি সংসংস্থার আয়াজনে হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, জীবননগর উপজলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান হাফিজ, সাবেক চেয়ারম্যান গোলাম মর্তূজা, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, কেরুজ অবসরপ্রাপ্ত এডিএম শেখ শাহাব উদ্দিন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, জেসিআই ঢাকা এ্যাস্ট্রালের পরিচালক মুনতাসির আজগার আকাশ, সংস্থার সভাপতি সাবির সামি মুহিত, শিকড় কল্যান সংস্থার সাধারণ সম্পাদক আবিদ জামাল, দর্শনা পৌর আ.লীগের সভাপতি বীর মুক্তিযাদ্ধা রুস্তম আলী, দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান, দর্শনা পৌর ছাত্রলীগের সভাপতি রফিকুল ইসলাম ববি, কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ, সাধারণ সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলোয়াত করা হয়। পরে অতিথিদের সংস্থার পক্ষ থেক উত্তরণী পরিয়ে দেয়া হয়েছে। এমপি আলী আজগার টগরকে ফুলেল শুভেচ্ছা সহ সম্মাননা স্মারক দেওয়া হয়। সার্বিক অনুষ্ঠানটি উপস্থাপনা করেন সাংবাদিক মিঠুন মাহমুদ।

[redacted]

[redacted]

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক পৌর মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক ও সভাপতি জেলা সমাজ কল্যাণ কমিটি মুন্সি আলমগীর হান্নান সহ উক্ত আয়োজনে সমাজসেবা কার্যালয়, চুয়াডাঙ্গার বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তা- কর্মচারিবৃন্দ, এনজিও প্রতিনিধিগণ, বিভিন্ন প্রতিবন্ধী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্র-ছাত্রী, অভিভাবকবৃন্দ এবং ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন ।

চুয়াডাঙ্গায় বাংলা ইশারা ভাষা দিবস উপলক্ষে হুইল চেয়ার বিতরণ

বাংলা ইশার ভাষার প্রচলন বাক ও শ্রবণ প্রতিবন্ধী ব্যাক্তির জীবনমান উন্নয়ন এই প্রতিপাদ্য সামনে রেখে চুয়াডাঙ্গায় বাংলা ইশারা ভাষা দিবস উপলক্ষে হুইল চেয়ার বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজার সভাপতিত্বে বাংলা ইশারা ভাষা দিবস ও হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন,ভাষা আন্দোলনের মাসে বাংলা ইশারা ভাষা দিবস উদযাপন অত্যন্ত তাৎপর্যপূর্ণ। সবক্ষেত্রে বাংলা ইশারা ভাষার ব্যবহার এবং শ্রবণ প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধীদের প্রতি বিশেষ নজর দেওয়ার প্রতি আহ্বান জানান তিনি। জেলায় বাংলা ইশারা ভাষা প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানান তিনি।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও ইশারা দিবসের প্রধান

অতিথি মোহাম্মদ আমিনুল ইসলাম খান প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ করেন।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক সিদ্দিকা সোহেলী রশিদ, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ মুছাবেববুজ্জামান, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর সাদাত হোসাইন সহ জেলা প্রশাসকের কর্মকর্তা ও জেলা সমাজসেবা কার্যলয়ের কর্মকর্তা বৃন্দ উক্ত আলোচনা সভায় উপস্থিত ছিলেন।